بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

16 December, 2012

Victory Day celebration at the Bangladesh Embassy in Washington DC

The Embassy of Bangladesh in Washington, DC today celebrated the historic victory day at the Bangabandhu Auditorium of the Embassy. The event had a discussion segment and cultural soiree. Embassy officials, their family members, singers and dancers from the Bangladesh community living in the USA took part in the cultural event.

Bangladesh Ambassador to the USA Mr. Akramul Qader in his address to the guests paid tribute to the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, freedom fighters and the Bangladeshi women who had to sacrifice immensely for the nation's victory against Pakistani invading forces in 1971. He also paid tribute to Bangladesh's foreign friends including those from the USA who supported Bangladesh's cause and called for an end to Pakistan military's atrocities there. Ambassador Qader noted that since independence Bangladesh has made a remarkable economic progress and holds the potentials of becoming a middle income country by year 2021, a goal set by the present government led by Hon. Prime Minister Sheikh Hasina. Ambassador Qader suggested that expatriate Bangladeshis should come forward with innovative ideas for expanding Bangladesh's business with rest of the world. Mr. Sarkar Kabiruddin a long time journalist with the Voice of America; Mr. Thomas Dine, Mrs. Dine reminisced their association with Bangladesh's war of independence ;and particularly, how the developments in 1971 in the then East Pakistan eventually made global news headlines.

Among the embassy officials and family members Deputy Chief of Mission Mr. Muhammad A. Muhith, Economic Minister Mr. Mohammad Wahid Hossain, Dr. Dilruba Nasrin, Mrs. Aurpa, Rizz and Seoti rendered patriotic songs. Singers and dancers

performing from the Bangladesh community included Dorothy Bose, Anika Rahman, Ryan Rahman, Sohel Anwar, Afsana Siraj, Priyanka, Mehroz Tarima and Sarar Mojumder. Mrs. Rifat Sultana Akram thanked the organizers and performers for their hard work in holding the event and nice performances. Mrs. Akram viewed that such showcasing of Bangladesh's culture offer an opportunity for the new generation of Bangladeshi Americans to gain knowledge of Bangladesh's rich cultural heritage.

The Guests that included senior US officials, foreign ambassadors and representatives from various missions in Washington DC were served with authentic Bangladeshi foods.

Earlier in the day the Embassy officials hoisted the national flag national anthem was played during the flag hoisting ceremony after the flag hoisting one minute silent's was observed to pay tribute the martyred freedom fighters. After that Victory Day messages from the Hon'ble President, Hon'ble Prime Minister and Hon'ble Foreign Minister were read out. A special Munajat was offered seeking eternal peace for the martyrs of 1971 and Bangladesh's continued prosperity.

Contact: M J H Jabed, Counselor (Political), Embassy of Bangladesh, Washington DC Phone: 202-244-3782 , Fax : 202-244-2771\7830, e-mail : bbdootwash@bdembassyusa.org

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৬ ডিসেম্বর ২০১২

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে মহান বিজয় দিবস উদযাপিত

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস আজ ঐতিহাসিক বিজয় দিবস উপলক্ষে বিশেষ আলোচনা অনুষ্ঠান ও সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করে। বঙ্গবন্ধু মিলনায়নে অনুষ্ঠিত এ আয়োজনে দূতাবাস পরিবার ছাড়াও যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশী বংশোদ্ভূত সঙ্গীত ও নৃত্যশিল্পীগন সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করে।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদুত জনাব আকরামুল কাদের তাঁর স্বাগত বক্তব্যে পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে বিজয় অর্জনের জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি শ্রদ্ধা জানান মুক্তিযুদ্ধে শহীদ অসংখ্য মুক্তিযোদ্ধা এবং বাংলার মা বোনদের প্রতি যাদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে এ বিজয়। তিনি ধন্যবাদ জানান যুক্তরাষ্ট্রসহ অন্যান্য দেশের বিশিষ্ট নাগরিকদের প্রতি যারা বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সমর্থনে এবং পাকিস্তানের সামরিক জান্তার নির্যাতনের বিপক্ষে বিশ্বব্যাপী জনমত গড়ে তুলেছেন। তিনি আরও বলেন, স্বাধীনতার পর থেকেই বাংলাদেশ অর্থনৈতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা তথা ২০২১ সাল নাগাদ একটি মধ্য আয়ের দেশ হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার লক্ষ্যে এগিয়ে চলছে। এ পর্যায়ে রাষ্ট্রদুত প্রবাসী বাংলাদেশীগনকে বিশ্বব্যাপী বাংলাদেশের বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে সৃষ্টিশীল এবং অনন্য ধারণা নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। আলোচনা অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ভয়েস অব আমেরিকার দীর্ঘদিনের সাংবাদিক জনাব সরকার কবীরউদ্দিন এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে মার্কিন যুক্তরাষ্ট্রে জনমত গঠনে বিশেষ ভূমিকা পালনকারী মার্কিন নাগরিক জনাব টমাস ডায়েন এবং তাঁর স্ত্রী জোয়ান ডায়েন। তাঁদের বক্তব্যে তাঁরা বাংলাদেশের মুক্তিযুদ্ধের সাথে তাঁদের সংশ্লিষ্টতা, বিশেষ করে পাকিস্তানী শাসকগোষ্ঠীর পাশবিকতা এবং বাঙ্গালীর প্রতিরোধের কাহিনী আন্তর্জাতিক সংবাদ মাধ্যমে তুলে আনার বিষয়টি নিয়ে স্মৃতিচারণ করেন।

আলোচনাশেষে অনুষ্ঠিত সাংস্কৃতিক সন্ধ্যায় দেশাত্ববোধক গান পরিবেশন করেন দূতাবাসের কর্মকর্তা ও পরিবারবর্গ, মিশন উপপ্রধান জনাব মুহাম্মদ আবদুল মুহিত, ইকনমিক মিনিস্টার জনাব মোহাম্মদ ওয়াহিদ হোসেন, ডঃ দিলরুবা নাসরীন, অর্পা, রীজ ও সেওতি। প্রবাসী বাংলাদেশীদের মধ্য থেকে ডরোথী বোস, আনিকা রহমান, রাইয়ান রহমান, আফসানা সিরাজ, প্রিয়াংকা, মেহরুজ তারিমা এবং সারার মজুমদার সংগীত ও নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানশেষে রাষ্ট্রদুতপত্নী মিসেস রিফাত সুলতানা আকরাম অনুষ্ঠানের আয়োজক এবং অনুষ্ঠানে অংশগ্রহনকারী শিল্পীদেরকে তাদের কঠোর পরিশ্রমের জন্য অভিনন্দন জানান। তিনি আরও বলেন, এ ধরণের অনুষ্ঠান যুক্তরাষ্ট্রে জন্ম নেয়া এবং বসবাসকারী নতুন প্রজন্মকে বাংলাদেশের গৌরবময় ইতিহাস এবং সমৃদ্ধ সংস্কৃতি সর্ম্পকে ধারণা দেয়ার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করতে সক্ষম।

অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের উচ্চপদস্থ সরকারী কর্মকর্তাবৃন্দ, বিদেশী কূটনীতিকগন ছাড়াও উল্লেখযোগ্য সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানশেষে অতিথিগণ নৈশ ভোজে অংশগ্রহন করেন।

এর আগে সকালে দূতাবাসের কর্মকর্তাগণ আনুষ্ঠানিকভাবে দূতাবাস অঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন। পতাকা উত্তোলনের সময় জাতীয় সঙ্গীত বাজানো হয়। পতাকা উত্তোলনশেষে মহান মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা ও আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়। অতঃপর দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্রমন্ত্রী প্রদত্ত বাণী পড়ে শোনানো হয়। সবশেষে শহীদদের আত্মার মাগফেরাত এবং দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করা হয়।

যোগাযোগ ঃ এম জে এইচ জাবেদ, কাউন্সিলর (পলিটিক্যাল), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ২০০০৮, ফোন- ২০২-২৪৪-৩৭৮২, ফ্যাক্স-২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইল- bbdootwash@bdembassyusa.org